




বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি



২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির সাধারণ নির্দেশনাঃ

- ১। ৯ আগস্ট ২০২০ হতে ২০ আগস্ট ২০২০ তারিখের মধ্যে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ইন্টারনেট এর মাধ্যমে আবেদন করা যাবে, তবে ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবসে অনলাইন সার্ভিস ও কল সেন্টার বন্ধ থাকবে।
- ২। নগদ/সোনালী ব্যাংক/টেলিটক/বিকাশ/শিওর ক্যাশ/রকেট এর মাধ্যমে সার্ভিস চার্জ সহ আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে।
- ৩। একজন শিক্ষার্থী সর্বনিম্ন ৫টি কলেজে এবং সর্বোচ্চ ১০টি কলেজে আবেদন করতে পারবে। তবে একই প্রতিষ্ঠানের একাধিক শিফট/ভার্সন/গ্রুপে আবেদন করা যাবে।
- ৪। আবেদন ফি পরিশোধ করার সময় এবং প্রথমবার আবেদনের সময় শিক্ষার্থীকে একটি মোবাইল নম্বর (নিজের/অভিভাবকের) দিতে হবে, যে টি শিক্ষার্থীর Contact Number হিসেবে বিবেচিত হবে। Contact Number টি শিক্ষার্থীর জন্য অতীব গুরুত্বপূর্ণ কেননা পরবর্তীতে শিক্ষার্থীর সকল যোগাযোগ ও আবেদনের জন্য এই Contact Number টির প্রয়োজন হবে।
- ৫। আবেদন করার সময় কলেজের পছন্দক্রম বিশেষ বিবেচনা পূর্বক সাবধানে পূরণ করতে হবে।
- ৬। এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-র ভিত্তিতে শিক্ষার্থীদের মেধাক্রম নির্ধারণ করা হবে। সমান জিপিএ প্রাপ্তদের ক্ষেত্রে ধারাবাহিক মূল্যায়ন (Continuous Assessment) ব্যতীত মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে।
- ৭। ভর্তির ফলাফল ৩ (তিন) টি পর্যায়ে প্রক্রিয়াকরণ করা হবে। একজন শিক্ষার্থীকে তার মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দ ক্রমানুযায়ী একটি মাত্র কলেজের জন্য নির্বাচন করা হবে। নির্বাচিত শিক্ষার্থী নিজেই অন-লাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করবে। এক জন শিক্ষার্থী সর্বোচ্চ ২(দুই) বার স্বয়ংক্রিয়ভাবে কৃত মাইগ্রেশনের জন্য বিবেচিত হবে, এক্ষেত্রে মাইগ্রেশন সর্বদাই শিক্ষার্থীর পছন্দ ক্রমানুসারে উপরের দিকে যাবে।


(প্রফেসর মু. জিয়াউল হক) ০৪.০৬.২০২০

সভাপতি

আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি ও

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।